বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

চট্টগ্রাম রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩
EIIN-104263, (Web: www.bepzacollegectg.edu.bd)

সূত্র: ০৩.০৬.১৫৩৫.৩৩৬.১৮.০০১.২০২৬/১৩৯০

তারিখ: ১৭/১১/২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেডে নিম্নবর্ণিত স্থায়ী পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে সরকারি/প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম ও বিষয়	শিক্ষাগত যোগ্যতা	পদ সংখ্যা	বয়স	বেতন গ্রেড (জাতীয় বেতন-স্কেল অনুযায়ী)
০১	**প্রভাষক :** ক. বাংলা-১ খ. পদার্থবিজ্ঞান-১ গ. পৌরনীতি ও সুশাসন-১ ঘ. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্মানসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে।	০৪ জন	অনূর্ধ্ব ৩৫ বছর	গ্রেড - ০৯
০২	প্রদর্শক (রসায়ন)-১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমান।	০১ জন	অনূর্ধ্ব ৩৫ বছর	গ্রেড - ১০
০৩	সহকারী শিক্ষক (কৃষি)-১	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কৃষি/কৃষি অর্থনীতি/মৎস/পশুপালন/কৃষি প্রকৌশল/বনবিদ্যা/পরিবেশ বিজ্ঞান/জেনেটিক ইঞ্জিনিয়ারিং/মৃত্তিকা বিজ্ঞান/ডিভিএম বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণি/সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৩ (তিন) বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা/সমমানের ২য় শ্রেণি/সমমান সিজিপিএ। অথবা (খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উদ্ভিদবিদ্যা/প্রাণিবিদ্যা বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি অনার্সসহ ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি।	০১ জন	অনূর্ধ্ব ৩৫ বছর	(ক) গ্রেড - ১০ (খ) গ্রেড - ১১

শর্তাবলি:

০১. চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০২. 'বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড' এর নামে যে কোন তফসিলি ব্যাংক হতে সকল পদের জন্য ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

০৩. যথাযথ ডাক ঠিকানা, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্র ও নাগরিকত্ব সনদের ফটোকপি, সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদনপত্র অধ্যক্ষ বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম-৪২২৩ এই ঠিকানায় নির্ধারিত চাকুরির আবেদন ফরমে দরখাস্ত আগামী **১৭/১২/২০২৬** তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে। বিলম্বে পৌঁছানো আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে। আবেদনের নমুনা বেপজার ওয়েবসাইট www.bepza.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৪. প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী মূল বেতনের সাথে অন্যান্য সুবিধা যেমন: বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা এবং চাকুরি স্থায়ী হওয়ার পর হতে নিয়মানুযায়ী অন্যান্য সকল সুবিধা প্রদান করা হবে। উল্লেখ্য যে, গভর্নিং বডির সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় বেতন স্কেল-২০২৬ কর্মরত অন্যান্য শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীর ন্যায় ধাপে ধাপে বাস্তবায়ন করা হবে।

০৫. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও স্থগিত করার অধিকার সংরক্ষণ করে এবং নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬. নির্ভুল আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থীদের আবেদনে উল্লেখিত বর্তমান ঠিকানায় লিখিত পরীক্ষার দিন ও সময় উল্লেখপূর্বক প্রবেশপত্র প্রেরণ করা হবে এবং মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

০৭. লিখিত, ডেমোনেস্ট্রেশন/ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮. বিস্তারিত প্রতিষ্ঠানের ওয়েবসাইটে দেখুন: www.bepzacollegectg.edu.bd

ক্যাপ্টেন মোঃ আশরাফুল আলম, বিএন (অবঃ)
অধ্যক্ষ ও সচিব
বেপজা পাবলিক স্কুল ও কলেজ
চট্টগ্রাম ইপিজেড

bekarsfeed.com